"গ্যাস জাতীয় সম্পদ। এর অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন।"

"বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
Bangladesh Gas Fields Company Ltd.
(A Company of Petrobangla)

প্রত্যয়নপত্র

২০২২-২৩ অর্থবছরে পেট্রোবাংলার সাথে বিজিএফসিএল এর স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কর্মসম্পাদনের ক্ষেত্র '[২] গ্যাস সঞ্চালন লাইনের চাপের সাথে সমন্বয় রেখে গ্যাস সরবরাহ অব্যাহত' এর আওতাধীন কার্যক্রম '[২.১] তিতাস লোকেশন-এ তে ৭টি ওয়েলহেড কম্প্রেসর স্থাপন' এর অন্তর্ভুক্ত কর্মসম্পাদন সূচক '[২.১.২] স্থাপিত কম্প্রেসরের যৌথভাবে পরিচালনা শুরু' এর প্রেক্ষিতে প্রত্যয়ন করা যাচ্ছে যে,"তিতাস গ্যাস ফিল্ডের লোকেশন-এ তে ওয়েলহেড কম্প্রেসর স্থাপন" প্রকল্পের আওতায় ৭টি ওয়েলহেড কম্প্রেসর স্থাপন শেষে ০৪-০৪-২০২৩ তারিখ হতে স্থাপিত কম্প্রেসরসমূহ যৌথভাবে পরিচালিত হচ্ছে।

Engr. Md. Abul Kashem Khan
Project Director
Installation of Wellhead Compressors
at Location-A of Titas Gas Field &
DGM
Bangladesh Gas Fields Company Limited

11.07.2023
মোঃ আব্দুস সুলতান
ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোং লিঃ
বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া।

Head Office : Birashar, Brahmanbaria-3400, Bangladesh, **Tel : PABX :** 88-0851-58141, 58428 & 59128, **Fax :** 88-0851-59390
Liaison Office : Petrocentre (14th Floor), 3 Kawran Bazar C/A, Dhaka-1215, **Tel :** 88-02-8189508, **Fax :** 88-02-8189507
Website : www.bgfcl.org.bd, **E-mail :** md@bgfcl.org.bd & mdbgfcl@yahoo.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
পরিকল্পনা-২ শাখা
www.emrd.gov.bd

বিষয়: **পেট্রোবাংলার আওতাধীন বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) কর্তৃক বাস্তবায়নাধীন "তিতাস গ্যাস ফিল্ডের লোকেশন-এ তে ওয়েলহেড কম্প্রেসর স্থাপন (১ম সংশোধন)" শীর্ষক প্রকল্পের 'প্রকল্প স্টিয়ারিং কমিটি' এর ৯ম সভার কার্যবিবরণী।**

সভাপতি : ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার
সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
তারিখ : ২২/০৫/২০২৩ খ্রি.
সময় : বেলা ১০:০০ ঘটিকা
স্থান : অনলাইনে জুম প্ল্যাটফর্ম।
উপস্থিতি : উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্তি-১ তে রক্ষিত।

২.০ উপস্থাপনা :

২.১ সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের যুগ্মসচিব (পরিকল্পনা) সভাকে অবহিত করেন যে, দীর্ঘদিন উৎপাদনে থাকায় ওয়েলহেড চাপ কমে যাওয়ায় গ্যাসের চাপ বৃদ্ধি করে সঞ্চালন লাইনের সাথে গ্যাস চাপ সমন্বয় রেখে গ্যাস সরবরাহ অব্যাহত রাখার লক্ষ্যে তিতাস ফিল্ডের লোকেশন-এ তে দৈনিক ৬০ মিলিয়ন ঘনফুট ক্ষমতাসম্পন্ন এবং আনুষঙ্গিক সুবিধাসহ ৬০০-৬৫০ পিএসআইজি সাকশন চাপ ও ১২০০-১২৫০ পিএসআইজি ডেলিভারি চাপ বিশিষ্ট ৭টি গ্যাস কম্প্রেসর (৫টি অপারেশনাল ও ২টি স্ট্যান্ডবাই) সংগ্রহ, স্থাপন ও কমিশনিং এবং পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ইত্যাদি কাজ সম্পন্নকরণ প্রকল্পটির উদ্দেশ্য। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৭১৬৭৩.০০ লক্ষ টাকা (AIIB ও ADB এর ৬৩৩০০.০০ লক্ষ টাকা এবং জিওবি'র ৮৩৭৩.০০ লক্ষ টাকা) ও বাস্তবায়নকাল জুলাই, ২০১৬ হতে ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত। প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করার লক্ষ্যে আজকের সভা আহ্বান করা হয়েছে।

৩.০ আলোচনা:

৩.১ আলোচনার শুরুতে প্রকল্পের অগ্রগতি সম্পর্কে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের অনুকূলে ২০২২-২৩ অর্থবছরে আরএডিপি'তে জিওবি ২০৪৪.০০ লক্ষ এবং প্রকল্প সাহায্য ১৩০০০.০০ লক্ষ টাকাসহ মোট ১৫০৪৪.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে এপ্রিল, ২০২৩ পর্যন্ত ১৬৪৭২.০০ লক্ষ টাকা (জিওবি: ৯৯৫.৮৩ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য: ১৫৪৭৬.৬৮ লক্ষ টাকা) ব্যয় হয়েছে, যা মোট এডিপি বরাদ্দের ১০৯.৫০%। তিনি বলেন, প্রকল্পের অনুকূলে এপ্রিল, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৫৭৬১১.২৯ লক্ষ টাকা, যা মোট প্রকল্প ব্যয়ের ৮০.৩৮% এবং এপ্রিল, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি ৯০.৮১%।

৩.২ প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, গত পিএসসি সভার সিদ্ধান্তের আলোকে ক্রয়কৃত/সরবরাহকৃত Flare Knockout Drum এর গুণগতমাণ ও স্পেসিফিকেশন পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা-নিরীক্ষা করা হয়েছে এবং গুণগতমাণ, স্পেসিফিকেশনসহ যথাযথ পাওয়া গেছে। ইপিসি ঠিকাদার ৭টি ওয়েলহেড কম্প্রেসরের Procurement, Installation, Pre-commissioning, Testing, Commissioning ও Guarantee test ০৩-০৪-২০২৩ তারিখে সম্পন্ন করে এবং কোম্পানি কর্তৃক গঠিত Acceptance কমিটির সুপারিশক্রমে ০৪-০৪-২০২৩ তারিখ হতে নতুন স্থাপিত ওয়েলহেড কম্প্রেসরের মাধ্যমে গ্যাস প্রক্রিয়াকরণ শুরু করা হয়েছে। পরবর্তীতে কম্প্রেসরের ১ বছর ব্যাপি Operation & Maintenance Period শুরু হয়েছে।

ঠিকাদারের বিল পরিশোধ ও অন্যান্য আনুষঙ্গিক কার্যক্রম সম্পন্নের লক্ষ্যে প্রকল্পের মেয়াদ ৬ মাস অর্থাৎ ৩০ জুন ২০২৪ পর্যন্ত বর্ধিত করা প্রয়োজন। এছাড়াও ৫টি ক্যাটাগরিতে ৫০ জনের ৩৭.৫ জন-মাস বৈদেশিক প্রশিক্ষণের লক্ষ্যে Training Firm নিয়োগের জন্য RFP এর বিপরীতে ১৩-১১-২০২২ তারিখে ৩টি প্রস্তাব পাওয়া যায়। প্রস্তাবসমূহের কারিগরি মূল্যায়ন শেষে ১০-০৪-২০২৩ তারিখে আর্থিক প্রস্তাবসমূহ খোলা হয়। আর্থিক প্রস্তাবসমূহের মূল্যায়ন প্রতিবেদন ১৭-০৪-২০২৩ তারিখে এডিবি'তে প্রেরণ করা হয়েছে। বৈদেশিক প্রশিক্ষণের জন্য এডিবি'র PAM অনুযায়ী বরাদ্দ রয়েছে ০.৭৫৫ মিলিয়ন মার্কিন ডলার যা ১ মার্কিন ডলার= টাকা ৭৯.৫০ হিসেবে আরডিপিপিতে সংস্থান রয়েছে ৬০০.০০ লক্ষ টাকা। RFP এর বিপরীতে সর্বনিম্ন আর্থিক প্রস্তাব পাওয়া যায় ০.৭৩৪ মিলিয়ন মার্কিন ডলার যা বর্তমান ডলার রেট অনুযায়ী প্রায় ৮০০.০০ লক্ষ টাকা হবে। প্রকল্পের অনুমোদিত ১ম সংশোধিত ডিপিপিতে প্রাইজ কনটিনজেন্সী খাতে ১৬.৫০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। প্রাইজ কনটিনজেন্সী খাত হতে বৈদেশিক প্রশিক্ষণে ২.০০ কোটি টাকা ব্যবহারের অনুমতি পাওয়া গেলে বৈদেশিক প্রশিক্ষণ সম্পন্ন করা যাবে মর্মে সভাকে অবহিত করেন।

৩.৩ আইএমইডির প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, তিনি সরেজমিনে প্রকল্প সাইট পরিদর্শন করেছেন। প্রকল্পের আওতায় কম্প্রেসর স্থাপন, প্রকিউরমেন্ট, প্রি-কমিশনিং, কমিশনিং, টেস্টিং এবং গ্যারান্টি টেস্ট সম্পন্ন হয়েছে। ডিপিপির সংস্থান অনুযায়ী সমস্ত কার্যক্রম সম্পন্ন হয়েছে। তিনি প্রকল্পের সার্বিক অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন।

৩.৪ যুগ্মসচিব (পরিকল্পনা) Joint Operation কালীন কর্মকর্তাদের Hands-on training প্রদানের বিষয়ে কি ব্যবস্থা নেওয়া হয়েছে তা জানতে চাইলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, Joint Operation কালীন কর্মকর্তাদের Hands-on training আগামী আগস্ট ২০২৩ থেকে শুরু করা হবে।

৩.৫ পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা সভাকে জনান, যে সকল কর্মকর্তা অয়েলহেড কম্পেসর অপারেট করবে তাদের অধিকাংশ বৈদেশিক প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষিত করা হবে। বিদেশ থেকে প্রশিক্ষণের পর প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তারা যেন কোম্পানির সকল প্রকার Maintenance কাজে দক্ষতা অর্জন করতে পারে সে বিষয়টি বিবেচনা করা প্রয়োজন। অনেক সময় বিশেষজ্ঞ দ্বারা Maintenance কাজ করাতে হয় যার কারণে ব্যয় অনেক বেশী হয়। Maintenance কাজে নিজেদের দক্ষ জনবল থাকলে নিজেরাই Maintenance কাজ করতে পারবে বাড়তি ব্যয়ের প্রয়োজন হবে না। এ বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, কম্প্রেসর স্থাপনের পর কোন সমস্যায় পড়লে Maintenance ব্যয় বাবদ কোম্পানির অনেক অর্থে প্রয়োজন হয়। কম্প্রেসর Maintenance-এর বিষয়টি যদি প্রশিক্ষণের মাধ্যমে কর্মকর্তাদের শেখানো যায়। তবে নিজস্ব দক্ষ জনবল তৈরি হবে এবং বাড়তি ব্যয়ের প্রয়োজন হবে না।

৩.৬ অতিরিক্ত সচিব, এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ (পরিকল্পনা বিভাগ) সভাকে অবহিত করেন যে, যেহেতু প্রকল্পটির মেয়াদ বৃদ্ধিসহ ব্যয় বৃদ্ধি পাবে এক্ষেত্রে ডিপিপি সংশোধন করতে হবে। যেহেতু প্রকল্প সাহায্য জড়িত আছে সেহেতু সেই বিষয়ে প্রস্তাবসহ প্রকল্পের সংশোধিত ডিপিপি জরুরিভিত্তিতে প্রেরণ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় সকলে একমত পোষণ করেন।

৩.৭ প্রকল্পের কম্প্রেসর স্থাপনের পূর্বে ও পরের তুলানামূলক অগ্রগতির বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানতে চাইলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, কম্প্রেসর স্থাপনের মূল উদ্দেশ্য হলো গ্যাসের চাপ বৃদ্ধি করা। কম্প্রেসর স্থাপনের পূর্বে গ্যাস চাপ সেলস লাইনের গ্যাসের চাপ অপেক্ষা কম ছিল বিধায় গ্যাস ডেলিভারী করায় সমস্যা ছিল। কম্প্রেসর স্থাপনের পর গ্যাসের প্রেসার ৬০০-৬৫০ পিএসআইজি থেকে ১০০০-১১০০ পিএসআইজি করে সেলস লাইনে গ্যাস ডেলিভারী করা হচ্ছে। এছাড়াও পূর্বে গ্যাসের সাথে দৈনিক ৫৫ ব্যারেল কনডেনসেট পাওয়া যেত সেখানে বর্তমানে দৈনিক ১৩০-১৩৫ ব্যারেল কনডেনসেট পাওয়া যাচ্ছে।

৩.৮ চেয়ারম্যান, পেট্রোবাংলা বলেন যে, প্রকল্পের কম্প্রেসরের Operation & Maintenance এর যৌথ অপারেশন শেষে কোম্পানির নিজস্ব জনবল দ্বারা অপারেশন চালানো হবে কি না এ বিষয়ে জানতে চাইলে ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করেন যে, যৌথ অপারেশন শেষে কোম্পানির নিজস্ব জনবল দ্বারা কম্প্রেসরের অপারেশন কার্যক্রম পরিচালনা হবে। যৌথ অপারেশন কালীন কোম্পানির নিজস্ব কর্মকর্তাদের নির্ধারিতভাবে অফিসিয়ালি Assign করে দিলে পরবর্তীতে Assign কৃত কর্মকর্তাদের দ্বারা অপারেশন ও মেইন্টেনেন্স কাজ সম্পন্ন করা যাবে।

৪.০ **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৪.১ AIIB ও ADB-এর প্রকল্প সাহায্যের বর্তমান Validity period শেষ হওয়ার পূর্বেই প্রকল্পের আরডিপিপি যথাসময়ে সংশোধনের প্রক্রিয়াকরণ করতে হবে;

৪.২ বৈদেশিক প্রশিক্ষণের বিষয়ে সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক এবং সাম্প্রতিক স্থগিতাদেশ এর বিষয়টি বিবেচনায় রেখে বৈদেশিক প্রশিক্ষণ কাজের NOA ইস্যুর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে;

৪.৩ যৌথ অপারেশনকালীন কোম্পানির নিজস্ব কর্মকর্তাদের অফিসিয়ালি সংযুক্ত করে On the job প্রশিক্ষণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং

৪.৪ আরএডিপি'তে বরাদ্দকৃত জিওবি খাতের অর্থ বিধি মোতাবেক শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে।

৫.০ সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০৫/২০২৩

(ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার)
সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ